

48 report

## চট্টগ্রাম শিক্ষা বোর্ড মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে ৯ হাজার শিক্ষার্থীর জীবন থেকে বারে গেল একটি বছর

২ চট্টগ্রাম অফিস ২  
শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনেই চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ৯ হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবন থেকে হারিয়ে গেছে একটি বছর। নির্বাচনী পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ হওয়ায় এ বছর আসন্ন এসএসসি পরীক্ষা দেয়ার অনুমতি পায়নি এসব শিক্ষার্থী। গত বছরের ৬ নভেম্বর মন্ত্রণালয় প্রেরিত নির্দেশনা পেয়ে বোর্ড কর্তৃপক্ষ হঠাৎ করে কঠোর অবস্থান নেয়ার কপাল পুড়েছে এসব শিক্ষার্থীর।  
মন্ত্রণালয় থেকে নতুন করে নির্দেশনা আসার পর চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সচিব ড. হরিবল চক্রবর্তীকে প্রধান করে ৮ সদস্যের একটি কমিটি গঠন করে। কমিটির সদস্যরা

এবারে শিক্ষার্থী থাকা ৮৯৪টি ঘুলের প্রতিটিতে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের এসএসসি পরীক্ষা দেয়ার সুযোগ না দিতে লিখিতভাবে অবহিত করে। এ ব্যাপারে কমিটির প্রধান ও সচিব ড. হরিবল চক্রবর্তী ইত্তেফাককে বলেন, নির্বাচনী পরীক্ষা চলাকালীন নতুন (১৫শ পৃঃ ২-এর কঃ ৫ঃ)

### মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে (১৬শ পৃঃ পর)

করে নির্দেশনা আসায় কিছু শিক্ষার্থী ক্ষতিগ্রস্ত হলেও সর্বিভাবে এই সচেতনতার সুফল পাবে আমরা। তাছাড়া এই ব্যবস্থা নেয়ার ফলে এবারে পাশের হারও বাড়বে বলে তিনি জানান। তিনি আরও বলেন, 'পরীক্ষা দেয়ার সুযোগ থেকে বঞ্চিত হওয়া ৯ হাজার শিক্ষার্থীর মধ্যে শুধু এক বিষয়ে ফেল করা শিক্ষার্থীই রয়েছে ৭ হাজার। বোর্ড সূত্র জানায়, চট্টগ্রাম বোর্ডের অধীনে ২ বছর আগে নবম শ্রেণীতে রেজিস্ট্রেশন করে ৭৬ হাজার শিক্ষার্থী। অর্থাৎ এবারে পরীক্ষা দেয়ার সুযোগ পাবে মাত্র ৫৪ হাজার ৮১৯ জন শিক্ষার্থী। গত বছরের তুলনায় পরীক্ষার্থীর সংখ্যা এবারে ৯ হাজার কমে গেছে এবং ১৬শ অর্ডার ফ্রম সংখ্যা প্রায় ১৩ হাজার।

পরীক্ষার্থীর সংখ্যা কমলেও চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এবারে বেড়েছে ঘুলের সংখ্যা। এবারে নতুন করে ৫টি ঘুলের শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। তবে গতবারের ১১৫টি কেন্দ্র থেকে এবারে কমে গেছে ৫টি কেন্দ্র। ঘুলের সংখ্যা বৃদ্ধির পরও পরীক্ষার্থীর সংখ্যা কমে যাওয়া প্রসঙ্গে বোর্ড চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ ইত্তেফাককে বলেন, 'পরীক্ষা দেয়ার পূর্বশর্ত এবারে কঠোরভাবে যেন চলায় এমনটি হয়েছে।'